আলমডাঙ্গা উপজেলা ব্যাপি মাদকের ছড়াছড়ি- ইউপি চেয়ারম্যান

আলমডাঙ্গা উপজেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপজেলা ব্যাপী মাদকের ব্যাপক ছড়াছড়িতে চেয়ারম্যানরা ক্ষোভ প্রকাশ করেছেন।

আজ বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাসের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় ইউপি চেয়ারম্যানদের নির্ধারিত সময়ে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। আজকের সভায় ১৫ ইউপি চেয়ারম্যানসহ সদস্যরা উপস্থিত ছিলেন। মাসিক এই সভায় আলমডাঙ্গা উপজেলার গ্রামে গ্রামে ভয়াবহ আকারে মাদকের কারবার বিক্রেতা ও ক্রেতার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ। তাদের এলাকার মাদকের ভয়াবহ চিত্র তুলে ধরেন।

এছাড়াও চেয়ারম্যান অ্যাসোসিয়েশনের সভাপতি মোজাহিদুর রহমান লোটাস জোয়ার্দ্দার বলেন, যদি এধরনের পরিস্থিতি চলতে থাকে ঈদের পরে এলাকার সচেতন মানুষ নিয়ে মাদকের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলবো। তার এই বক্তব্যকে সহমত প্রশন করেছেন উপস্থিত সকল চেয়ারম্যানবৃন্দ।

মাদক নিয়ে ইউপি চেয়ারম্যানদের অভিযোগ, সম্প্রতি আলমডাঙ্গা উপজেলা জুড়ে মাদক বিক্রেতা ও ক্রেতাদের অভায়রণ্যে পরিণত হয়েছে। সকাল থেকে গভীর রাত পর্যন্ত বিভিন্ন ইউনিয়নের গ্রামাঞ্চলে প্রকাশ্যে ও গোপনে রমরমা মাদক বেচাকেনা চলছে। তারা পুলিশ প্রশাসনের নিরবতাকে দায়ি করেন। একারণে উপজেলা জুড়ে চুরির ঘটনা বৃদ্ধি পেয়েছে। এ উপজেলায় প্রায় ১০ টি ফাঁড়িপুলিশের ক্যাম্প রয়েছে। তাদের ক্যাম্প এলাকার মধ্যে মাদক সেবীর আনাগোনা চললেও আইন প্রয়োগের কোন নেই উদ্যোগ। তাদের প্রশাসনিক আমলে না নেওয়ার জন্য মাদক ক্রেতা-বিক্রেতা সোচ্চার হয়ে উঠেছে।

সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান